

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮১২

পর্ব-১৯: জিহাদ (الجهاد)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ غَازِيَةٍ أَوْ سَرِيَّةٍ تَغْزِي فَتَغْتَلُنَّمْ وَتَسْلِمُ إِلَّا كَانُوا قَدْ تَعَجَّلُوا ثُلُثَيْ أَجُورِهِمْ وَمَا مِنْ غَازِيَةٍ أَوْ سَرِيَّةٍ تَخْفُقُ وَتُصَابُ إِلَّا تَمْ أَجُورُهُمْ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৩৮১২-[২৬] 'আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর পথে মুজাহিদগণ সংখ্যায় বেশি হোক বা কম হোক যদি জিহাদে জয়ী হয়ে গনীমাতের মালসহ নিরাপদে বাড়ি ফিরে আসে, তবে তারা জিহাদের সাওয়াবের দুই-ত্রুটীয়াংশ দুনিয়াতেই লাভ করল। আর যে কোনো ক্ষুদ্র দল বা বৃহৎ দল যদি তারা গনীমাত লাভে বঞ্চিত হয় এবং জান-মালের ক্ষতিসাধন হয় অথবা শহীদ হয় বা আহত হয়, তবে তারা পরিপূর্ণ সাওয়াবের অধিকারী হবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : সহীহ মুসলিম ১৯০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে ছোট বা বড় যুদ্ধদলের দু'টি অবস্থায় ভিন্ন ভিন্ন মর্যাদার অধিকারী হওয়ার বর্ণনা তুলে ধরা হয়েছে। মূলত এ হাদীসটি ও আল্লাহর রাস্তায় জিহাদের ফ্যীলত সংক্রান্ত।

'গায়িয়াহ্ বা সারিয়াহ্' বলতে এখানে উদ্দেশ্য হলো যুদ্ধের জামা'আত- যারা সংঘবন্ধভাবে যুদ্ধ করে থাকে। ('আওনুল মা'বুদ ৫ম খন্দ, হাঃ ২৪৯৪)

কায়ী ‘ইয়ায বলেনঃ “যে ব্যক্তি কাফিরদের সাথে লড়াই করে নিরাপদে গনীমাত নিয়ে ফিরে আসে, সে দুই-ত্রৃতীয়াংশ প্রতিদান নিয়ে ফিরে আসে। [এক] যুদ্ধ ক্ষেত্র থেকে নিরাপদে ফিরে আসা, [দুই] গনীমাত লাভ। আর এ দুটিই পার্থিব প্রতিদান। আর [তৃতীয়] যে প্রতিদান বা পুরস্কার বাকী আছে, উক্ত মুজাহিদ তা পরকালে পাবে। কারণ সে আল্লাহর শত্রুদের সাথে লড়াই করার ইচ্ছা করেছিল।

হাদীসে বর্ণিত **تَحْفَقَ** শব্দটির অর্থ হলো, যে ব্যক্তি যুদ্ধ করেছে কিন্তু গনীমাত পায়নি।

কায়ী ‘ইয়ায (রহঃ)-এর মতে হাদীসের শেষাংশে বর্ণিত কথাটির অর্থ হলো, যে ব্যক্তি নিজে যুদ্ধ করল এবং শহীদ হলো বা আহত হলো, কিন্তু গনীমাত পেল না, ঐ ব্যক্তির প্রতিদান পূর্ণরূপে বাকী থাকল। সে পূর্ণরূপে পরকালে এর ফল ভোগ করবে।’’ (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69139>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন